গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সেতু বিভাগ
আইসিটি সেল

**তথ্য অধিকার (RTI) আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | রশিদুল হাসান<br>যুগ্মসচিব |
| সভার তারিখ | ১৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. |
| সভার সময় | বেলা ১২:০০ ঘটিকা |
| স্থান | কাশিপুর সমাজ উন্নয়ন সংসদ, নারায়ণগঞ্জ |
| উপস্থিতি | পরিশিষ্ট ক |


সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং তিনি বক্তব্যের শুরুতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। তিনি সকল ভাষা শহিদ, পঁচাত্তরের ১৫ই আগস্ট কালরাতে ঘাতকের বুলেটে নির্মমভাবে নিহত বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিব, বঙ্গবন্ধু পরিবারের সদস্যসহ সকল শহিদ, জেলখানায় হত্যাকান্ডের শিকার ৪ নেতাসহ মহান মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহিদ ও নির্যাতিত ২ লাখ মা বোনের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্ব স্ব পরিচিতি তুলে ধরার জন্য অনুরোধ করেন। পরিচিতি পর্বের পর সেতু বিভাগ এবং সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে অনুষ্ঠেয় তথ্য অধিকার সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিকরণ ও তথ্য অধিকার আইন ২০০৯ প্রচার বাস্তবায়নে করণীয়সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২। সভায় নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), সেতু বিভাগ বলেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ সালে প্রণয়ন হয়। সেই অনুযায়ী, তথ্য অধিকার আইনে যে কোন নাগরিক তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারে। আবেদনকারীর কাছে ৩০ কার্যদিবসের মধ্যে তথ্য প্রদানের বিধান রয়েছে। | তথ্য অধিকার আইন অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে নিষ্পত্তি করার অনুরোধ করা হলো। | যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) ও তথ্য প্রদানকারী কর্মকর্তা সেতু বিভাগ |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০২. | জনাব এমদাদুল হক খোকা, সদস্য, কাশীপুর ইউনিয়ন পরিষদ, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পে ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের জন্য ক্ষতিপূরণের ব্যবস্থা করায় মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভাকে আরো জানান, হিন্দু ধর্মাবলম্বী অনেকেই ক্ষতিপূরণ পাচ্ছেন না। তিনি বিষয়টি খতিয়ে দেখার অনুরোধ জানান। এ বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের প্রতিনিধি জনাব ফারশীদ বিন এনাম, আরডিসি, নারায়নগঞ্জ সভাকে জানান ক্ষতিপূরণ প্রদানের ব্যাপারে ধর্ম কোন বিবেচ্য বিষয় নয়। সিএস খতিয়ানসহ অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রে জমির যিনি প্রকৃত মালিক তিনিই ক্ষতিপূরণ প্রাপ্ত হয়ে থাকেন। তদুপরি তিনি সংশ্লিষ্টদের প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় যেতে অনুরোধ করেন এবং বিষয়টি নিবিড়ভাবে খতিয়ে দেখে এর সুরাহা করে দেওয়ার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। সভাপতি মহোদয় কাগজপত্র যাচাই করে যথাযথ ব্যক্তিকে ক্ষতিপূরণ প্রদানের জন্য অনুরোধ জানান। | ক্ষতিপূরণ সংক্রান্ত গৃহীত ব্যবস্থা সম্পর্কে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আবেদন করার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্পে ক্ষতিগ্রস্থ ব্যক্তিবর্গ |
| ০৩. | জনাব মো: মোক্তার হোসাইন, প্রকল্পে ক্ষতিগ্রস্থ একজন দোকান মালিক সভাকে জানান, তিনি দুইটি দোকানের মালিক হলেও ক্ষতিপূরণ প্রাপ্তির ক্ষেত্রে একটি দোকান বাবদ ক্ষতিপূরণ পেয়েছেন। অপর দোকান বাবদ ক্ষতিপূরণ প্রাপ্তির বিষয়ে তিনি অগ্রগতি জানতে চান। পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও অর্থ) মোসা: শরীফুন্নেসা সভাকে জানান, তিনি ২টি দোকান বাবদ ক্ষতিপূরণ দাবী করে আবেদন করলেও একটি দোকানের মালিকানার কাগজপত্র ও লাইসেন্স দাখিল করেছেন। এক্ষেত্রে ২য় দোকানের মালিকানার লাইসেন্সসহ অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রাদি দাখিল করা হলে ক্ষতিপূরণ প্রদানের বিষয়টি বিবেচনার জন্য গৃহীত হবে। সভাপতি দোকানের মালিকানার কাগজপত্রাদি ক্ষতিগ্রস্থ ব্যক্তি কর্তৃক দাখিল সাপেক্ষে বিষয়টি বিধিমোতাবেক নিষ্পত্তির অনুরোধ জানান। | ক্ষতিপূরণ সংক্রান্ত গৃহীত ব্যবস্থা সম্পর্কে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী আবেদন করার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্পে ক্ষতিগ্রস্থ ব্যক্তিবর্গ |

৩। পরিশেষে আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



রশিদুল হাসান
যুগ্মসচিব

স্মারক নম্বর: ৫০.০০.০০০০.০০০.৯৯.০০১.২৩.৯৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪৩০
০৬ মার্চ ২০২৪


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
২) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, সেতু বিভাগ
৩) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ , সেতু বিভাগ
৪) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, সেতু বিভাগ
৫) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অধিশাখা, সেতু বিভাগ
৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
৮) প্রকল্প পরিচালক, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প
৯) উপ-সচিব, বাজেট অধিশাখা, সেতু বিভাগ
১০) অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
১১) সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন শাখা, সেতু বিভাগ
১২) একান্ত সচিব, সচিব এর দপ্তর, সেতু বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৩) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা-১, সেতু বিভাগ
১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সেতু বিভাগ

১৫) প্রোগ্রামার , আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

১৬) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সেতু বিভাগ

১৭) জনাব.......................................................................



সালমা খাতুন

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)